গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১

নং- শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪

তারিখ ঃ ১৮ ফাল্গুন ১৪১৬
০২ মার্চ ২০১০

## প্রজ্ঞাপন

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের জারীকৃত নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন সংশোধনক্রমে পুনরাদেশ না দেয়া পর্যন্ত এস.এস.সি ও সমমান এবং এইচ.এস.সি ও সমমান পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষা পাশের প্রচলিত জিপিএ এর সাথে সনাতন পদ্ধতির বিভাগ এর নিম্নরূপ সামঞ্জস্য বিধান করা হল ঃ

| | | |
|---|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ | = | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | = | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | = | তৃতীয় বিভাগ |

২। উল্লিখিত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

৩। ইহা জনস্বার্থে প্রকাশ করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত ঃ ০২/০৩/২০১০
(সৈয়দ আতাউর রহমান)
সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

নং- শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪/১(২১)

তারিখ ঃ ১৮ ফাল্গুন ১৪১৬
০২ মার্চ ২০১০

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

১। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, আইন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, তেজগাঁও, ঢাকা।
৫। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,আগারগাঁও, ঢাকা।
৬। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা/জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। যুগ্ম-সচিব (মাধ্যমিক/কারিগরি ও মাদ্রাসা/কলেজ/বিশ্ববিদ্যালয়/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। প্রধান, পরিকল্পনা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা/কারিগরী শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১। মহাপরিচালক, নায়েম, ঢাকা।
১২। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/ চট্টগ্রাম/বরিশাল/ সিলেট/ দিনাজপুর।
১৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা।
১৬। পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৭। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন/ ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
১৮। উপ-সচিব(মাধ্যমিক/কারিগরি/মাদ্রাসা/কলেজ/উন্নয়ন-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। উপসচিব/সিনিয়র সহকারী সচিব, অধিশাখা/শাখা-৬/৭/৮/৯/১০/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২২, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২০। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২১। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

(মোঃ আইয়ুব হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১।

(৭)

১২৯৪
৮/৬/০৯

পা. ৭৯
০৮/৬/০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/ ৫৮২

তারিখঃ ২ জুন ২০০৯ খ্রিস্টাব্দ
১৯ জ্যৈষ্ঠ ১৪১৬ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

বিষয়ঃ প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণ

দেশের পাবলিক পরীক্ষাসমূহের ফলাফল প্রদানের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর অর্জিত মোট নম্বরের ভিত্তিতে বিভাগ/শ্রেণীতে বিন্যস্তকরণ পদ্ধতি রহিত করে গ্রেডিং পদ্ধতি প্রবর্তনের ফলে বর্তমান প্রচলিত জিপিএ বা সিজিপিএ এর সঙ্গে পূর্বেকার প্রথম,দ্বিতীয় ও তৃতীয় বিভাগ/শ্রেণী কিভাবে সামঞ্জস্যপূর্ণ হবে সে বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় বিষয়টি বিশদভাবে পর্যালোচনাপূর্বক সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের প্রথম,দ্বিতীয় ও তৃতীয় শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) (ক) ২০০১,২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষা ব্যতীত ২০০৪ ও তৎপরবর্তী সময়ের এস.এস.সি এবং এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| অর্জিত জিপিএ | পূর্বের সমতুল্য বিভাগ/শ্রেণী |
|---|---|
| ৪.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| ৩.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৪.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| ১.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) ২০০১,২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে-

| অর্জিত জিপিএ | পূর্বের সমতুল্য বিভাগ/শ্রেণী |
|---|---|
| ৩.৫০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| ২.৫০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৫০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| ১.০০ বা তদূর্ধ্ব কিন্তু ২.৫০ এর কম | তৃতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে-

(ক) বিশ্ববিদ্যালয় যে স্কেলে (৪ অথবা ৫) সিজিপিএ প্রদান করে সেই সিজিপিএ স্কেলকে ৮০% এর সমান নম্বর ধরতে হবে;

(খ) উক্ত নম্বরের অনুপাতে অর্জিত সিজিপিএ এর নম্বরকে শতকরা নম্বরে রূপান্তর করতে হবে;

(গ) উপরি-উক্ত পদ্ধতিতে রূপান্তরিত শতকরা নম্বরের ভিত্তিতে নিম্নরূপে বিভাগ/শ্রেণী নির্ধারণ করতে হবেঃ

| নিরূপিত নম্বর প্রাপ্তি (শতকরা হারে) | সমতুল্য শ্রেণী/বিভাগ |
|---|---|
| ৬০% বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণী/বিভাগ |
| ৪৫% বা ততোধিক কিন্তু ৬০% এর কম | দ্বিতীয় শ্রেণী/বিভাগ |
| ৩৩% বা ততোধিক কিন্তু ৪৫% এর কম | তৃতীয় শ্রেণী/বিভাগ |

অর্থাৎ কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ৪ অথবা ৫ স্কেলে সিজিপিএ প্রদত্ত হয়ে থাকলে, উপরি-উক্ত (২) (ক) ও (২)(খ) অনুসারে শতকরা হার নিরূপনের জন্য নিম্নের সূত্রটি ব্যবহার করতে হবেঃ

সূত্রঃ $\frac{\text{৮০}}{\text{বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুসৃত সিজিপিএ স্কেল (ক্ষেত্রমত, ৪ বা ৫)}}$ X অর্জিত সিজিপিএ= অর্জিত শতকরা নম্বর

উদাহরণঃ কোন শিক্ষার্থী সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০পেয়ে থাকলে তাঁর অর্জিত শ্রেণী/বিভাগ হবে নিম্নরূপঃ

$\frac{\text{৮০}}{\text{৪}}$ X ৩ = ৬০%; অর্থাৎ তাঁর অর্জিত ফলাফল প্রথম শ্রেণী/বিভাগ বলে গণ্য হবে।

কোন শিক্ষার্থী সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ পেয়ে থাকলে তাঁর অর্জিত শ্রেণী/বিভাগ হবে নিম্নরূপঃ

$\frac{\text{৮০}}{\text{৫}}$ X ৩ = ৪৮%; অর্থাৎ তাঁর অর্জিত ফলাফল দ্বিতীয় শ্রেণী/বিভাগ বলে গণ্য হবে।

২। ইহা জনস্বার্থে জারি করা হলো।

০২.০৬.০৯

(সৈয়দ আতাউর রহমান)
সচিব

উপ নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)